

‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ শিরোনামে আয়োজিত রচনা প্রতিযোগিতার ধারণাপত্র

ভূমিকাঃ

বঙ্গবন্ধু আজীবন স্বাধীনতা, জনগনের মুক্তি, ন্যায়পরায়ণতা ও মানবাধিকার প্রতিষ্ঠায় নিবেদিত প্রাণ ছিলেন। বঙ্গবন্ধুর আদর্শ প্রচেষ্টা ও ঐতিহ্যকে সামনে রেখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে জাতীয় মানবাধিকার কমিশন ‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ শিরোনামে একটি রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে।

স্বাধীনতা সংগ্রামের প্রকৃত তাৎপর্য অনুধাবন ও মানবিক মূল্যবোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল-কলেজ ও মাদ্রাসা পর্যায়ে এ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। দেশের সকল উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম (সমমান) এবং একাদশ ও দ্বাদশ (সমমান) শ্রেণির ছাত্র-ছাত্রীরা এই রচনা প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতায় নির্বাচিত/বিজয়ী ‘ক’ গুপে ৫০ জন এবং ‘খ’ গুপে ৫০ জন; সর্বমোট ১০০ জন মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা করে মোট ০২ বছর (২৪ মাস) ‘মানবাধিকার বৃত্তি’-এর জন্য নির্বাচিত হবে। বৃত্তির অর্থ নির্বাচিত বিজয়ীদের মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে প্রতি মাসে ইএফটি পদ্ধতিতে পৌঁছে দেওয়া হবে।

নিম্নবর্ণিত উপজেলা ও জেলা বাছাই কমিটি প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকা অনুসরণ করে প্রতি জেলা হতে মেকানিক অনুসারে ১০টি করে রচনা কমিশনে প্রেরণের ব্যবস্থা নিবেন।

উপজেলা বাছাই কমিটি

ক্রমিক নং	নাম	পদবি
০১	উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)	আহ্বায়ক
০২	উপজেলা সদর সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
০৩	উপজেলা সদর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
০৪	উপজেলা সদর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
০৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব

জেলা বাছাই কমিটি

ক্রমিক নং	নাম	পদবি
০১	জেলা প্রশাসক	আহ্বায়ক
০২	জেলা সদর সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
০৩	জেলা সদর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
০৪	জেলা সদর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
০৫	জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব

উল্লেখ্য যে, সাহিত্য-সংস্কৃতিতে বোদ্ধা এমন দুইজন ব্যক্তিকে সদস্য হিসেবে প্রয়োজনে আহ্বায়ক কো-অপ্ট করতে পারবে।

**‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ শিরোনামে আয়োজিত রচনা প্রতিযোগিতার প্রতিযোগী
বাছাইয়ের নির্দেশিকাঃ**

মাঠ পর্যায়ঃ

০১. নবম ও দশম (সমমান) শ্রেণীর প্রতিযোগী সমন্বয়ে ‘ক’ গুপ ১০০০ হতে ১২০০ শব্দে রচনা লিখবে;
০২. একাদশ ও দ্বাদশ শ্রেণী (সমমান) প্রতিযোগী সমন্বয়ে ‘খ’ গুপ ১২০০ হতে ১৫০০ শব্দে রচনা লিখবে;
০৩. স্থানীয় প্রশাসন হতে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষক ও অধ্যক্ষের নেতৃত্বে এতদসংক্রান্ত একটি কমিটি গঠন করবে;
০৪. রচনাগুলি যথাযথভাবে মূল্যায়নপূর্বক প্রতি গুপের সেরা ১০টি রচনাসহ উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল নং, প্রতিষ্ঠানের নাম, ফোন/মোবাইল নং ইত্যাদি উল্লেখ করে ‘উপজেলা বাছাই কমিটি’-এর সদস্য সচিব বরাবর প্রেরণ করবে;
০৫. প্রতিটি উত্তরপত্রে পরিদর্শকের স্বাক্ষর থাকতে হবে;
০৬. প্রতি উপজেলায় উভয় গুপ হতে সর্বোচ্চ ১০ জন করে প্রতিযোগী বাছাই হয়ে জেলা পর্যায়ে সরাসরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;
০৭. প্রতি জেলা হতে উভয় গুপের সেরা ২০টি (১০+১০) রচনা নির্বাচনপূর্বক সীল গালা করে ‘জেলা বাছাই কমিটি’-এর পক্ষ হতে জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করবে;

কেন্দ্রীয় পর্যায়ঃ

০১. কমিশন কর্তৃক বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে দুটি গুপে মোট (৬৪ × ১০) = ৬৪০টি এবং (৬৪ × ১০) = ৬৪০টি সর্বমোট ১২৮০টি রচনার মধ্যে প্রথম ধাপে (১৫০+১৫০) = ৩০০ টি রচনা বাছাই করা হবে; জেলাওয়ারি রচনা বাছাইয়ে ০৩ (তিন) জন সমন্বয়ে বিশেষজ্ঞ প্যানেলের কাছে রচনা প্রেরণের অনুপাত হবে (২১+২১+২২) জেলা হিসেবে;
০২. প্রথম ধাপে প্রাপ্ত ৩০০টি রচনা হতে ১৫০টি রচনা (৭৫+৭৫) দ্বিতীয় ধাপে যাচাই-বাছাই করা হবে;
০৩. তৃতীয় ধাপে প্রাপ্ত ১৫০টি রচনা হতে অনলাইন মাধ্যমে প্রতিযোগীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং চূড়ান্তভাবে ১০০টি রচনা বাছাই করা হবে। এতে সরাসরি/জুম প্লাটফর্মে প্রতিযোগীদের কাছে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা, মূল্যবোধ সম্পর্কিত কিছু প্রশ্ন করা হবে। প্রশ্নের উত্তর সঠিকভাবে প্রদানের

ভিত্তিতে সেরা ১০০ জন বাছাই করা হবে (এই ১০০ জনকে দুই বছরের জন্য মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান করা হবে;

০৪. বাছাইকৃত ১০০টি (৫০+৫০) রচনা নিয়ে কমিশন থেকে একটি গ্রন্থ প্রকাশ করা হবে;

০৫. জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখ 'মানবাধিকার দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ১০০ জন সেরা প্রতিযোগীকে পুরস্কার, সার্টিফিকেট ও দুই বছর মেয়াদে মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হবে।

রচনা প্রতিযোগিতার সময়সীমাঃ

পর্যায়	মাস/ কার্যক্রম	আগস্ট ২০২১	সেপ্টেম্বর ২০২১	অক্টোবর ২০২১	নভেম্বর ২০২১	ডিসেম্বর ২০২১
মাঠ পর্যায়	সকল জেলা প্রশাসকের বরাবর ধারণাপত্র ও সময়সূচি প্রেরণ	২৬.০৮.২০২১				
	বিভাগীয় কমিশনার পর্যায়ে প্রস্তুতি সভা অনুষ্ঠান	০১.০৯.২০২১				
	গণমাধ্যমে রচনা প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিজ্ঞাপন/এসএমএস প্রচার	৩১.০৮.২০২১ হতে ০৭.০৯.২০২১				
	রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের রচনা যাচাই বাছাই ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটির কার্যক্রম		০১.০৯.২০২১ হতে ০৭.০৯.২০২১			
	রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের শিক্ষার্থীদের কাছ থেকে রচনা সংগ্রহের সময়সীমা		১০.০৯.২০২১ হতে ২৫.০৯.২০২১			
	জেলা কমিটি হতে কমিশন বরাবর রচনা দাখিলের শেষ সময়		২৮.০৯.২০২১			
কেন্দ্রীয় পর্যায়	চূড়ান্ত বিজয়ী নির্বাচন সম্পন্নকরণ ও বিজয়ী ১০০ জনের নাম ঘোষণা				১৫.১১.২০২১	
	বিজয়ীদের বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন					১০.১২.২০২১